বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

সার্কুলার পত্র নং- এফইপিডি(রপ্তানি নীতি)২২০/২০১৮-১৬

তারিখ ঃ ২৬ আশ্বিন, ১৪২৫
১১ অক্টোবর, ২০১৮

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

**আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর কর্তৃক বাংলাদেশ ইন্ডেন্টিং এজেন্টস্ এসোসিয়েশনের সদস্যভুক্ত ইন্ডেন্টিং প্রতিষ্ঠানের অনুকূলে রপ্তানি নিবন্ধন সনদপত্র জারির আদেশ প্রসঙ্গে।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের ০১ অক্টোবর, ২০১৮ তারিখের পত্র নং-২৬.০৩.০০০০.০০৪.০৫.০৫২.১৫-৪০৪ আপনাদের অবগতি ও পরিপালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য হুবহু পুনর্মুদ্রণ করা হ'ল।

২। সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হ'ল।

সংযুক্তিঃ বর্ণনামতে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ হারুন-অর-রশিদ)
উপ-মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০৬২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
জাতীয় ক্রীড়া পরিষদ (NSC) ভবন, লেভেল-১৫
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
www. ccie.gov.bd

নথি নং- ২৬.০৩.০০০০.০০৪.০৫.০৫২.১৫- ৪০৪

তারিখঃ ১৬ আশ্বিন ১৪২৫ / ০১ অক্টোবর ২০১৮

## অফিস আদেশ

বাণিজ্য মন্ত্রণালয়ের ২৩/০৯/২০১৮ তারিখের পত্র নং ২৬.০০.০০০০.১০০.৪২.০০৪.১৫-১৩৯ এর প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ডের (মূসক আইন ও বিধি শাখা) কর্তৃক জারিকৃত মূল্য সংযোজন কর আইন ১৯৯১ এর ২২ নং আইন সংশোধনীর মাধ্যমে "বাংলাদেশের অভ্যন্তরে ভোগ বা সরবরাহের জন্য অভিপ্রেত নয় এইরুপ পণ্য বা সেবা উৎপাদনের ব্যবস্থাপনায়, পরিবহণে বা বিপণনে প্রয়োজনীয় কাঁচামাল, যন্ত্রপাতি, অবকাঠামো বা অন্য কোন বস্তু যা বিদেশী মুদ্রায় বিনিয়োগ বা সরাসরি বিদেশ হইতে প্রত্যাবাসিত বৈদেশিক মুদ্রার বিনিময়ে সরবরাহ সেবাকে রপ্তানিকৃত বলে গণ্য করা হয়েছে। রপ্তানি নীতি ২০১৫-২০১৮ এর ষষ্ঠ অধ্যায়ের সেবা খাতের ১৭ নং ক্রমিক বর্ণিত ইন্ডেন্টিং সার্ভিসকে সেবা খাত হিসাবে ঘোষনা করায়, SRO নং-১৭৮-আইন/২০১৮ তারিখ ০৭ জুন ২০১৮ খ্রিস্টাব্দ এর মাধ্যমে ১৯৮১ সালের আমদানিকারক, রপ্তানিকারক ও ইন্ডেন্টিং (রেজি:) অর্ডার এর অনুচ্ছেদ (ক) এর প্যারাগ্রাফ ২ এর (অ) অনুসারে Goods এর পাশাপাশি Service সংযোজন করে সংশোধন করায়, বাংলাদেশ ইন্ডেন্টিং এজেন্টস্ এসোসিয়েশনের সদস্যভুক্ত ইন্ডেন্টিং প্রতিষ্ঠানের অনুকূলে রপ্তানি নিবন্ধন সনদপত্র (ERC, Indenting Service) জারি করার সিদ্ধান্ত গ্রহণ করা হলো।

২.০ রপ্তানিকারক (ইন্ডেন্টিং সার্ভিস) এর ক্ষেত্রে আমদানি নীতি আদেশ, ২০১৫-২০১৮ য় ইন্ডেন্টিং নিবন্ধন সনদের জন্য উল্লিখিত নিবন্ধন ফিস, নবায়ন ফিস ও অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

০১/১০/২০১৮

(অনুপ কুমার সাহা)
অতিরিক্ত প্রধান নিয়ন্ত্রক
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের পক্ষে, ঢাকা।
ফোনঃ ৯৫৫১৫৫৬, ফ্যাক্স নং ৯৫৫০২১৭
controller.chief@ccie.gov.bd

বিতরণঃ
১। আমদানি ও রপ্তানি দপ্তরের সকল আঞ্চলিক অফিস।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
১। গর্ভনর, বাংলাদেশ ব্যাংক।
২। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, (দৃষ্টি আকর্ষণ: নাজনীন পারভীন, সিনিয়র সহকারী সচিব, রপ্তানি ১, অধিশাখা) ঢাকা।
৪। সভাপতি, বাংলাদেশ ইন্ডেন্টিং এজেন্টস্ এসোসিয়েশনের সায়হাম স্কাই ভিউ টাওয়ার, সপ্তম তলা, শহীদ সৈয়দ নজরুল ইসলাম স্মরনী ( ওল্ড ৪৫, বিজয় নগর), ঢাকা ১০০০।
৫। জনাব এমরান হোসেন, নির্বাহী অফিসার, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা-কে ওয়েবসাইটে প্রদর্শনের জন্য।
৬। প্রধান নিয়ন্ত্রকের ব্যক্তিগত সহকারী, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
৭। অফিস কপি।